

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রামগঞ্জ, লক্ষ্মীপুর
bbs.ramganj.lakshmipur.gov.bd

নম্বর-৫২.০১.৫১৬৫.০০০.০৬.০০১.২০.০৬৪(খ)

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

জিআরএস স্টেকহোল্ডারদের প্রথম সভার কার্যবিবরণী ২০২৩-২৪

সভাপতি	: জনাব মীর আন-নাজমুস সাকিব, পরিসংখ্যান কর্মকর্তা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর
সভার তারিখ ও সময়	: ০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ, সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান	: উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর
সভার উপস্থিতি	: পরিশিষ্ট-ক

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিজয়ের মাসে তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব, পাঁচাত্তরের ১৫ আগস্ট শাহাদতবরণকারী বঙ্গবন্ধু পরিবারের সদস্যবৃন্দ এবং মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহিদ ও সন্তান হারানো দুই লক্ষ মা-বোনকে। সভায় নিম্নরূপ আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয় :-

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	সঠিক কর্মপরিবেশ নিশ্চিতকরণ ও জিআরএস সফটওয়্যার ব্যবহারে উদ্বুদ্ধকরণ	সভাপতি মহোদয় এখনও পর্যন্ত জিআরএস সফটওয়্যারে বা অফলাইনে কোনো প্রকার অভিযোগ দাখিল না হওয়ায় সন্তোষ প্রকাশ করে বলেন, আমাদের কর্মপরিবেশ এভাবে বজায় রাখতে হবে এবং জিআরএস সফটওয়্যারের ব্যাপারে ফেসবুক পেইজ ও অন্যান্য অনলাইন মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাতে হবে	জিআরএস সফটওয়্যার ব্যাপকভাবে ব্যবহারের জন্য অনলাইন মাধ্যমে ব্যাপক প্রচারণা চালানোর ব্যাপারে সিদ্ধান্ত হয়	পরিসংখ্যান কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল
০২.	অভিযোগ বাস্তব স্থাপন	সভাপতি মহোদয় জানান, দপ্তরের ওয়েবপোর্টালে ইতোমধ্যেই অনলাইন অভিযোগ বাস্তব স্থাপিত হয়েছে এবং দ্রুততর সময়ের মধ্যে বাস্তবিক কাঠামো স্থাপন করার প্রয়োজনীয়তা রয়েছে	দ্রুততর সময়ের মধ্যে অভিযোগ বাস্তবিক কাঠামো স্থাপন করতে হবে	পরিসংখ্যান কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল
০৩.	নিজ দপ্তরে উন্নত কর্মপরিবেশ বজায় রাখা	সভায় উপস্থিত সদস্যরা নিজ নিজ দপ্তরে উন্নত কর্মপরিবেশ বজায় রাখার ব্যাপারে আলোকপাত করেন, যাতে ওই দপ্তরের বিরুদ্ধে অভিযোগ না আসে	নিজ নিজ দপ্তরে উন্নত কর্মপরিবেশ বজায় রাখতে হবে	সংশ্লিষ্ট সকল

স্বাক্ষর

২। পরিশেষে আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৫.১২.২০২৩ খ্রি.

মীর আন-নাজমুস সাকিব
পরিসংখ্যান কর্মকর্তা

✉ usoramganj@gmail.com

বিতরণ : কার্যার্থে

- ১), রামগঞ্জ, লক্ষ্মীপুর
- ২) জনাব মো. নূর নবী, পরিসংখ্যান তদন্তকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ২) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম
- ৩) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর
- ৪) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ ২০২৩-২৪, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ৫) অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েবপোর্টাল